# স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটির ১৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ এ অনুষ্ঠিত তৃতীয় সভার কার্যবিবরণী।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদায় সাথে উদ্‌যাপনের লক্ষ্যে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন কমিটির তৃতীয় সভা গত ১৩ সেপ্টেম্বর ২০২১ বিকাল ৪.০০ ঘটিকায় প্রধান প্রকৌশলী সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী সম্পর্কিত প্রকাশনা কমিটির সদস্যবৃন্দকে আমন্ত্রণ জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন উদযাপন কমিটির সভাপতি প্রকৌশলী এ, কে, এম, মনির হোসেন পাঠান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। পরবর্তীতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব, প্রকৌশলী শান্তনু পালিত পূর্ববর্তী সভার কার্যপত্র অনুযায়ী কর্মসূচীসমূহের অগ্রগতি উপস্থিত সদস্যবৃন্দের সামনে উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | কর্মসূচিসমূহ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের তারিখ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | স্বাধীনতা পরবর্তী সময়ে মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন প্রতিফলিত করে **বিশেষ প্রকাশনা।** | প্রকাশনা কমিটির সাথে আলোচনাক্রমে জানা যায় যে, লকডাউনকালীন সময়ে পরিবর্তিত পরিস্থিতির কারণে প্রকাশনা কমিটির কার্যক্রম বাধাগ্রস্থ হয়েছে। স্বাধীনতা পরবর্তী সময়ে মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন প্রতিফলিত করে বিশেষ প্রকাশনার কাজ শুরু করার জন্য প্রকাশনা কমিটিকে অনুরোধ করা হয়। নির্দিষ্ট সময়ের মধ্যে মানসম্মত প্রকাশনাটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রকাশনা কমিটির আহ্বায়ক জনাব শিশির কান্তি রাউৎ মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | নভেম্বর ২০২১ | প্রকাশনা কমিটি |
| ২. | স্বাধীনতা পরবর্তী মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন প্রতিফলিত করে **Audio Visual Documentary** তৈরি। | নির্দিষ্ট সময়ের মধ্যে স্বাধীনতা পরবর্তী মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন প্রতিফলিত করে **Audio Visual Documentary** তৈরীর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রকাশনা কমিটিকে মানসম্মত **Documentary** তৈরীর বিষয়ে অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রকাশনা কমিটির আহ্বায়ক জনাব শিশির কান্তি রাউৎ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | | |
| ৩. | **২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১** সময়কালে মহান স্বাধীনতার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ তারিখে সভা/সেমিনার/ প্রতিযোগিতা/রক্তদান কর্মসূচি আয়োজন। | বিজয় দিবস উপলক্ষ্যে ১৬ ডিসেম্বরের পূর্বেই নিম্নোক্ত অনুষ্ঠানসমূহ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১. সড়ক পরিবারের শহীদ মুক্তিযোদ্ধার পরিবারবর্গকে সম্বর্ধণা ও আলোচনা সভা।<br>২. মুক্তিযুদ্ধভিত্তিক মঞ্চনাটক।<br>৩. সাংস্কৃতিক অনুষ্ঠান।<br><br>সড়ক পরিবারের শহীদ মুক্তিযোদ্ধাদের তালিকা করার নিমিত্ত মাঠপর্যায়ে পত্র প্রদানের জন্য প্রশাসন ও সংস্থাপন সার্কেলকে অনুরোধ করা হয়। | সেপ্টেম্বর-ডিসেম্বর ২০২১ | উদযাপন কমিটি/ প্রশাসন ও সংস্থাপন/ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ |
| ৪. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি'র দাপ্তরিক কাজের মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত **বিশেষ খাম** ব্যবহার। | ইতোমধ্যে লোগো সম্বলিত বিশেষ খাম ডিজাইন এবং মুদ্রণ করে বিভিন্ন দপ্তরে প্রেরণ করা হয়েছে। খামের ডিজাইন সওজ এর ওয়েবসাইটে আপলোড করা আছে। মাঠ পর্যায়ে খামসমূহের ব্যবহারের নিমিত্ত পত্র প্রদানের জন্য প্রশাসন ও সংস্থাপন সার্কেলকে অনুরোধ করা হয়। | সেপ্টেম্বর-২০২১ | উদযাপন কমিটি/ প্রশাসন ও সংস্থাপন/ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ |
| ৫. | কারাগারের রোজনামচা ও অসমাপ্ত আত্মজীবনী বই ২টি বিতরণ ও পাঠ প্রতিযোগিতা | সভায় ৫০০ কপি কারাগারের রোজনামচা এবং ৫০০ কপি অসমাপ্ত আত্মজীবনী ক্রয় এবং পরবর্তীতে মাঠ পর্যায়ে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন ও সংস্থাপন সার্কেলকে অনুরোধ করা হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল এ বিষয়ে মনিটরিং করবেন। | অক্টোবর - ২০২১ | উদযাপন কমিটি/ রক্ষণাবেক্ষণ সার্কেল/ প্রশাসন ও সংস্থাপন |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত **মগ, টি-শার্ট, কলম** বিতরণ। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত কলমদানি এবং ক্যাপ তৈরী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সদস্য সচিবকে দায়িত্ব প্রদান করা হয়। | নভেম্বর-২০২১ | উদযাপন কমিটি/ রক্ষণাবেক্ষণ সার্কেল/ প্রশাসন ও সংস্থাপন |
| ৭. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানি'র মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সম্ভাব্য কর্মসূচি গ্রহণ। | আলোচনাক্রমে জানা যায় যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সম্পৃক্ত হয়ে সওজ এর স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কাজ করে আসছে এবং পরবর্তী কর্মসূচিগুলো যথারীতি সম্পন্ন করা হবে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে গৃহীত কর্মসূচিসমূহের তালিকা ও বিবরণী সংগ্রহের নিমিত্ত মাঠ পর্যায়ে পত্র প্রদানের জন্য প্রশাসন ও সংস্থাপন সার্কেলকে অনুরোধ করা হয়। | অক্টোবর ২০২১ | উদযাপন কমিটি/ প্রশাসন ও সংস্থাপন/ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ |
| ৮. | স্বাধীনতা দিবস, জাতীয় শোক দিবস ও বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত/গৃহীত রুটিন কর্মসূচিসমূহ। | আলোচনাক্রমে জানা যায় যে , রুটিন কর্মসূচিগুলো উদযাপন কমিটি, সওজ প্রশাসন ও সংস্থাপন সার্কেল এবং মাঠ পর্যায় কার্যালয় কর্তৃক সম্পন্ন করা হচ্ছে এবং পরবর্তী কর্মসূচিগুলো যথারীতি সম্পন্ন করা হবে । | ২৬ মার্চ ২০২১ হতে ১৬ ডিসেম্বর ২০২১ | উদযাপন কমিটি প্রশাসন ও সংস্থাপন/ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ |
| ৯. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানি কর্তৃক নিজস্ব কর্মসূচি গ্রহণ। | বিজয় দিবস উপলক্ষ্যে আগামী ১৬ই ডিসেম্বর সওজ এর একটি অভ্যন্তরীণ আলোচনা সভা আয়োজন করা যেতে পারে। এছাড়া ক্রমিক নং-৩ এ অধিদপ্তর কর্তৃক গৃহীতব্য সম্ভাব্য কর্মসূচিসমূহ সম্পর্কে আলোচনা করা হয়েছে। | ২৬ মার্চ ২০২১ হতে ১৬ ডিসেম্বর ২০২১ | উদযাপন কমিটির সদস্যবৃন্দ |

১৬.০৯.২১

(শান্তনু পালিত)
সদস্য-সচিব
স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি
ও
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ
মনিটরিং ও ইভ্যালুয়েশন বিভাগ, ঢাকা জোন
সওজ প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা।

১৬।০৯।২০২১

(এ,কে,এম, মনির হোসেন পাঠান)
সভাপতি
স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি
ও
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
পরিকল্পনা ও রক্ষণাবেক্ষন উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২। প্রকাশনা কমিটির আহবায়ক/সদস্য-সচিব।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ,................................ সকল জোন।
৪। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কমিটির আহবায়ক/সদস্য সচিব।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষন সার্কেল।
৭। উদযাপন কমিটির সদস্যবৃন্দ